# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**05-05-2026** **Time: 1.40 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) বিজেপির বিপুল সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে জয়ের পর সরকার গঠন ও শপথ গ্রহণ নিয়ে তৎপরতা শুরু হয়েছে। আগামী রবীন্দ্রজয়ন্তীর দিন নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজিত হওয়ার সম্ভাবনা।

২) রাজ্য সরকারের সঙ্গে যুক্ত মামলeগুলি বিচারাধীন রাখার আবেদন জানিয়েছেন বিজেপি সমর্থিত এক আইনজীবী।

৩) নির্বাচন কমিশন ভোট পরবর্তী হিংসা রুখতে কঠোর পদক্ষেপ নিয়েছে।

৪) রাজ্যের বিভিন্ন শিল্প এবং বাণিজ্য সংগঠন আশা করছে, নতুন সরকার রাজ্যের অর্থনীতিকে পুনরুজ্জীবীত করবে।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

---------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনে বিজেপি-র বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভের পর নতুন সরকার গঠন ও শপথ গ্রহণ নিয়ে ততপরতা শুরু হয়েছে। রবীন্দ্র জয়ন্তীর দিন নতুন মন্ত্রীসভার সদস্যরা শপথ গ্রহণ করতে পারেন। সেই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে।

একটি প্রতিবেদন

------------------

উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার জেলার সবকটি আসনেই বিজেপি প্রার্থীরা জয়ী হয়েছেন। জঙ্গলমহলে ঝাড়গ্রাম, পুরুলিয়া এবং বাঁকুড়াতেও একই চিত্র। উত্তর দিনাজপুরে ৯ টি আসনের মধ্যে এবং দক্ষিণ দিনাজপুরে ৬ টি আসনের মধ্যে ৪ টি কোরে আসনে তারা জয়লাভ করেছে।

তবে মুর্শিদাবাদ, প্রধান প্রধান রাজনৈতিক দলগুলিকে নিরাশ করেনি। বিজেপি, তৃণমূল কংগ্রেস, সিপিআইএম এবং কংগ্রেস দলের প্রার্থীরা জেলার বিভিন্ন আসন থেকে জয়লাভ করেছেন।

সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী, ২০৬টি আসনে জয়লাভ করেছে বিজেপি। ৮০ টি আসনে জিতেছে তৃণমূল কংগ্রেস; একটি আসনে এখনও এগিয়ে রয়েছে তারা। কংগ্রেস ও আম জনতা উন্নয়ন পার্টি ২ টি ক'রে আসনে জিতেছে। একটি ক'রে আসনে জয় পেয়েছে সি পি আই এম এবং আই এস এফ।

কলকাতার বেলেঘাটা আসনে তৃণমূল কংগ্রেসের কুনাল ঘোষ, চৌরঙ্গীতে নয়না ব্যানার্জী, কলকাতা বন্দরে ফিরহাদ হাকিম, বালিগঞ্জ আসনে শোভনদেব চট্টোপাধ্যায় জয়ী হয়েছেন।

উত্তর ২৪ পরগণার ৩৩ টি আসনের মধ্যে বিজেপি ২৩ টিতে জয়লাভ করেছে। তৃণমূল কংগ্রেস জয়ী ৯ টি আসনে। রাজারহাট-নিউটাউন কেন্দ্রে এখনও এগিয়ে তারা। ফল ঘোষণা করা হয়নি এখনও পর্যন্ত।

দক্ষিণ ২৪ পরগণায় তৃণমূল কংগ্রেস ১৯ টি এবং বিজেপি ১০ টি আসনে জয়ী। মেটিয়াবুরুজে তৃণমূল কংগ্রেসের আব্দুল খালেক মোল্লা, এবং কসবা আসনে ঐ দলেরই জাভেদ আহমেদ খান জয়লাভ করেছেন। টালিগঞ্জে পরাজিত হয়েছেন অরূপ বিশ্বাস।

নদীয়ার ১৪ টি আসনের মধ্যে বিজেপি ১১ টিতে জয় পেয়েছে। তৃণমূল কংগ্রেস জয়ী তিনটি আসনে।

হুগলির ১৮ টি আসনের মধ্যে ১৫ টিতে বিজেপি জয়ী। তৃণমূল কংগ্রেস জয়ী তিনটিতে। বলাগড়ে বিজেপি প্রার্থী সুমনা সরকার জয়লাভ করেছেন। গোঘাটে ঐ দলেরই প্রশান্ত দিগড় জয়ী হয়েছেন। উত্তরপাড়া আসনে বিজেপি প্রার্থী দীপাঞ্জন চক্রবর্তী জয়লাভ করেছেন।

পূর্ব বর্ধমানের ১৬ টির মধ্যে ১৪ টি আসন তৃণমূল কংগ্রেসের কাছ থেকে ছিনিয়ে নিয়েছে বিজেপি। খন্ডঘোষ এবং বর্ধমান উত্তর বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেস জয়ী হয়েছে।

বীরভূমের ১১ টি আসনের আসনের মধ্যে বিজেপি ৬ টি এবং তৃণমূল কংগ্রেস প্রার্থীরা পাঁচটিতে জয়ী হয়েছেন। রামপুরহাটের পাঁচবারের বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায় পরাজিত। বোলপুর আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী চন্দ্রনাথ সিংহ জয়ী হয়েছেন।

হাওড়ার ১৬ টি আসনের মধ্যে বিজেপি ৬টি তে জয়লাভ করেছে।

পশ্চিম মেদিনীপুরের ১৫ টি আসনের মধ্যে বিজেপি পেয়েছে ১৩ টি।

এদিকে, ঝাড়গ্রাম জেলায় 8 টি আসনই গেছে বিজেপির ঝুলিতে।

------------------

রাজ্যে বিজেপির ঐতিহাসিক জয়লাভের পর দলের সর্বভারতীয় সভাপতি। নীতির নবীন আজ দিল্লিতে চিত্তরঞ্জন পার্ক কালীবাড়িতে পুজো দেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির নেতৃত্বে একমাত্র বিজেপি সরকার রাজ্যে সুশাসন আনতে পারবে। তিনি সর্বত্র শান্তি বজায় রাখার আবেদন জানান।

এদিকে রাজ্যে নতুন বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী পদে কার নাম মনোনীত করা হবে সে বিষয়ে আলোচনা করতে শীঘ্রই দলের কেন্দ্রীয় নেতৃত্ব রাজ্যে আসবেন। দলীয় সূত্রে জানা গেছে এবিষয়ে কেন্দ্রীয় নেতৃত্বের উপস্থিতিতে বৈঠকে মুখ্যমন্ত্রীর নাম নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে। এছাড়া নবনির্বাচিত বিধায়কদের নিয়েও বৈঠক হবে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দলের অগণিত কর্মীর দশকের পর দশক ধরে কঠোর পরিশ্রম এবং লড়াই ছাড়া পশ্চিমবঙ্গে বিজেপি-র এই বিপুল জয় সম্ভব ছিল না। নতুন দিল্লিতে গতকাল দলের সদর দফতরে দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণে তিনি রাজ্যের সকলকে কুর্নিশ জানান। এই কার্যকর্তারাই রাজ্যে বিভিন্ন প্রান্তে সরকারের উন্নয়নমূলক প্রকল্প ছড়িয়ে দিয়েছেন বলে তিনি উল্লেখ করেন। শ্রী মোদী বলেন, এবারের বিধানসভা নির্বাচনে বিজেপি-র সুশাসনের রাজনীতির জয় হয়েছে।

------------------

রাজ্যে পালা বদলের পর পরিবর্তিত পরিস্থিতিতে সরকারের তালিকাভুক্ত আইনজীবীদের পরিবর্তন ও তালিকা তৈরির বিষয়ে সময়ের আবেদন জানিয়ে, বিজেপি সমর্থিত আইনজীবী সুস্মিতা সাহা দত্ত কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয়

পালের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন। আদালত যেন রাজ্য সরকারের পক্ষে বা বিপক্ষে কোনো মামলার রায়দান না করে ও রাজ্য সরকারের সঙ্গে যুক্ত মামলাগুলি যেন বিচারাধীন রাখা হয়, তার জন্য আবদেন জানান তিনি। বিচারপতি সুজয় পাল এই আবেদন বিবেচনা করার আশ্বাস দিয়েছেন।

এদিকে, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত পদত্যাগ করেছেন। রাজ্যপাল আর এন রবির কাছে এই পদত্যাগ পত্র পাঠিয়েছেন তিনি।

উল্লেখ্য, তৃণমূল সরকারের আমলে দুদফায় তাকে পশ্চিমবঙ্গের অ্যাডভোকেট জেনারেল হিসাবে নিযুক্ত করা হয়েছিল।

------------------

ভোট পরবর্তী হিংসা রুখতে নির্বাচন কমিশন কড়া পদক্ষেপ নেবে। ২১ শে মে দক্ষিণ ২৪ পরগনার ফলতার পুনর্নির্বাচনেও বিশেষ নজর থাকবে। ভবিষ্যতে রাজ্যে এক দফায় ভোটগ্রহণ করানো হবে বলেও কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়াল জানিয়েছেন, রাজ্যে আগামী ৬ মাস, সাত কোম্পানী কেন্দ্রীয় বাহিনী থাকবে। তিনি বলেছেন, বাংলার মানুষ হিংসা পছন্দ করে না। তাই হিংসাকে কোনোমতেই বরদাস্ত করবেনা নির্বাচন কমিশন।

------------------

মুর্শিদাবাদের নওদায় নির্বাচন চলাকালীন অশান্তি সৃষ্টির অভিযোগে নওদা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা মুর্শিদাবাদ জেলা পরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ সফিউজ্জামান শেখ কে পুলিশ গত রাতে তার বাড়ি থেকে গ্রেপ্তার করেছে।

------------------

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় পরিযায়ী শ্রমিক মৃত্যুর প্রতিবাদে অশান্তির ঘটনায় তদন্তে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল ও পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চে এই রিপোর্ট জমা পড়েছে। দু সপ্তাহ পরে মামলার পরবর্তী শুনানি হবে। আদালত এই ঘটনায় এনআইএ-র তদন্তে কোনো বাধা নেই বলে জানিয়েছে।

------------------

পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্প সংস্থা এবং বাণিজ্য সংগঠনগুলি বিধানসভা নির্বাচনে বিপুল ভোটে জয়লাভের জন্য বিজেপি-কে অভিনন্দন জানিয়েছে। নতুন সরকার রাজ্যে শিল্পায়ন, পরিকাঠামো উন্নয়ন এবং বিনিয়োগ বান্ধব পরিবেশ গড়ে তুলবে বলে সংগঠনগুলির নেতৃবৃন্দ আশাপ্রকাশ করেন। ভারত চেম্বার অফ কমার্স বলেছে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের উন্নতি হলে বাংলায় বড় মাপের বিনিয়োগ আসবে, যা রাজ্যের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করবে।

------------------

রাজ্যপাল আর এন রবি-র সচিব হিসাবে নিয়োগ করা হয়েছে ডক্টর সৌমিত্র মোহনকে। ২০০২ ব্যাচে এই আইএএস আধিকারিক বর্তমানে পরিবহন দপ্তরের সচিব হিসাবে দায়িত্বপ্রাপ্ত। একইসঙ্গে শ্রম দপ্তরের দায়িত্ব সামলেছেন তিনি।

এদিকে, রাজ্যপাল আজ সস্ত্রীক কালীঘাট মন্দিরে পুজো দিয়ে পশ্চিমবঙ্গের জনগণের সামগ্রিক কল্যাণ ও রাজ্যের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি - সমৃদ্ধি কামনা করেন।

------------------

ভারতীয় জনতা পার্টির নীতি আদর্শ মেনে কাজ করা হবে বলে জানিয়েছেন মেদিনীপুরের নব নির্বাচিত বিধায়ক ড. শঙ্কর গুছাইত। গতকাল থেকে মেদিনীপুরের বিভিন্ন জায়গায় গতকাল থেকে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে ভাঙচুর ও দখল করার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। শ্রী গুছাইত জানিয়েছেন, কিছু দুষ্কৃতি ভারতীয় জনতা পার্টির পতাকা হাতে নিয়ে মেদিনীপুর শহরে এই ধরনের উৎশৃংখল আচরণ করে চলেছে। তাদের তিনি সংযত হবার পরামর্শ দেন।

-------------------

রাজ্যের প্রায় সব জেলাতেই গত সন্ধ্যের পর থেকে ঝড় বৃষ্টি হয়েছে বলে খবর। কলকাতা ও তার আশপাশের এলাকাতেও মাঝরাতের পর ঝড়ো হাওয়া ও সঙ্গে হালকা বৃষ্টি হয়। আজও বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

------------------- -------------------